

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ

নং-০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-

তারিখ: ০৭ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
২২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য আপ্যায়ন ব্যয় এবং সরবরাহ ও সেবার অধীনে অন্যান্য ব্যয় বাবদ আর্থিক প্রাপ্যতা নীতিমালা সংযোজনকরণ।

সূত্র: (১) বাংলাদেশ নির্বাচন কমিশনের স্মারক নং- ১৭.০০.০০০০.০১১.২৫.০০৬.১৯-১৪৫; তারিখ: ০৭/০৮/২০১৯  
(২) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ২৩.০০.০০০০.১৯০.৩৩.০৮৮.১৬-১৮৪; তারিখ: ০৪/০৯/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে প্রাপ্ত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক বিগত ১৬/০৮/২০১৫ খ্রিস্টাব্দে জারিকৃত “আর্থিক ক্ষমতা অর্পণ” (অনুময়ন ও উন্নয়ন) পুস্তিকায় উল্লেখিত অর্থ বিভাগের বিবেচনার জন্য প্রেরিতব্য বিষয়াবলীর তালিকার ১৯(খ) ও ১৯(গ) অনুচ্ছেদ নির্দেশক্রমে নিম্নরূপে সংশোধন করা হলো:

“১৯(খ) বিদেশে সরকারিভাবে ভ্রমণকালে প্রতিমন্ত্রী/উপমন্ত্রী, প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার এবং অনুরূপ পদমর্যাদা সম্পন্ন ব্যক্তি কর্তৃক আপ্যায়ন ব্যয় বাবদ ৬০০ (ছয়শত) মার্কিন ডলারের অধিক ব্যয় এবং সরবরাহ সেবার অধীন ব্যয় বাবদ ২০০ (দুইশত) মার্কিন ডলারের অধিক ব্যয়”।

“১৯(গ) প্রতিনিধি দলের প্রধান হিসেবে মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব, সিনিয়র সচিব, সচিব/ভারপ্রাপ্ত সচিব এবং সশস্ত্র বাহিনীর সমপর্যায়/সমতুল্য পদবীর কর্মকর্তাগণ আপ্যায়ন ব্যয় বাবদ ৫০০ (পাঁচশত) মার্কিন ডলার এবং সরবরাহ ও সেবার অধীনে ব্যয় বাবদ ১৫০ (একশত পঞ্চাশ) মার্কিন ডলারের অধিক ব্যয়”।

স্বাক্ষরিত

( ফয়েজ আহমেদ )

উপসচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ফোন: ৯৫৭৬০৩৬

নং-০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-২৩৯

তারিখ: ০৭ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
২২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়, অডিট ভবন কাকরাইল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব,.....(সকল) মন্ত্রণালয়/সচিবালয়/বিভাগ।
- ৫। হিসাব মহা নিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
- ৬। অর্থসচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

( ফয়েজ আহমেদ )

উপসচিব

ফোন: ৯৫৭৬০৩৬